৯. অপেক্ষাকৃত উন্নত পরিবেশে দায়িত্বশীল উৎপাদন ধারায় যেন উৎপাদনকারিণীরা তাঁদের কর্ম প্রক্রিয়া অব্যাহত রাখেন, সে ব্যাপারে তাঁদেরকে উৎসাহিতকরণ।

১০.

কোনরূপ বাড়তি মুনাফা লাভের আশায় নয়, বরং উৎপাদনকারিণীদের সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত উন্নতির লক্ষ্যে, সহমর্মিতা, পারস্পরিক আস্থা ও শ্রদ্ধার ভিত্তিতে দীর্ঘমেয়াদী সুসম্পর্ক স্থাপন, যাতে দিনে দিনে ন্যায্য বাণিজ্যের প্রসার ও উন্নয়ন ঘটে। সরাসরি উৎপাদন ও বাণিজ্য ব্যতিরেকেও হস্তশিল্প উৎপাদনকারিণীদের প্রতি ন্যায্যতা প্রতিষ্ঠায়

১. আর্থ সামাজিক কার্যাবলী:

==> **দল উন্নয়ন ভাতা** - এই ভাতা প্রতিটি সমিতিকে কাঁচামাল ক্রয়ের জন্য মূলধন হিসেবে প্রদান করা হয়।

==> **ক্ষুদ্র ঋণ প্রকল্প** - এর আওতায় ৩৬ কিস্তিতে পরিশোধযোগ্য ঋণ দেয়া হয়, যার উপর বার্ষিক ৩% সেবামূল্য গ্রহণ করা হয়।

==> **নিরাপত্তা ভাতা** - কোন উৎপাদনকারিণী অবসর নিলে বা তার মৃত্যু হলে, তার নামে নির্দিষ্ট পরিমাণে জমাকৃত অর্থ তাকে/তার পরিবারকে প্রদান করা হয়।

==> **কল্যাণ ভাতা** - বছর শেষে নিরীক্ষা কার্যক্রমের পর, ব্যবসা হতে উদ্বৃত্ত লাভের কিছু অংশ উৎপাদনকারিণীদের মধ্যে সমহারে বন্টন করে দেয়া হয়।

==> **শিশু শিক্ষা কার্যক্রম** - উৎপাদনকারিণীদের সন্তানদের উচ্চশিক্ষার্থে (মাধ্যমিক উত্তীর্ণ) শিক্ষা ভাতা প্রদান করা হয়।

==> **স্বাস্থ্য ভাতা** - কোন উৎপাদনকারিণী দূরারোগ্য ব্যধিতে আক্রান্ত হলে, চিকিৎসা সেবার জন্য এই

২. সক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রম :

✳ উৎপাদন ও মাননিয়ন্ত্রণ প্রশিক্ষণ।

✳ আয় বৃদ্ধিমূলক কার্যাবলীর উপর প্রশিক্ষণ।

✳ নেতৃত্ব, সুশাসন, লিঙ্গসমতা ও সামাজিক ন্যায্যতা বিষয়ক প্রশিক্ষণ।

৩. স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কার্যক্রম :

✳ স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ।

✳ স্বাস্থ্য সেবা কার্যক্রম ( টিকা, চক্ষু পরীক্ষা, ইত্যাদি)।

✳ জরুরি স্বাস্থ্য খাতে সহায়তা প্রদান।

৪. পরিবেশ ও প্রাকৃতিক বিষয়ক কার্যক্রম :

✳ পরিবেশ দূষণ রোধ ও রক্ষা বিষয়ক প্রচারণা।

✳ চারাগাছ বিতরণ ( সবুজ পৃথিবী ও বনায়ন বিষয়ক প্রচারণা)।

✳ প্রাকৃতিক দুর্যোগে জরুরি সহায়তা প্রদান।

৫. সামাজিক সেবা কার্যক্রম :

✳ সংস্থা হিসেবে সামাজিক দায়িত্ব পালন (কারিতাসের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলে, শিক্ষা বঞ্চিত এলাকার শিক্ষা কার্যক্রমে সহায়তা প্রদান)।

✳ অন্যান্য সংস্থা সমূহের সাথে সুসম্পর্ক স্থাপন।

ন্যায্য বাণিজ্য দ্বারা কোর-দি জুট ওয়ার্কস বিগত ৪০ বৎসর ধরে হস্তশিল্প উৎপাদনকারিণীদের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করে আসছে। বহু নারীর জীবনে ন্যায্যতা প্রতিষ্ঠায় কোর-দি জুট ওয়ার্কস অপরিসীম ভূমিকা রেখেছে। পূর্বে যে হস্তশিল্প উৎপাদনকারিণী, তাঁর উৎপাদিত পণ্যের যথাযথ মজুরি পেতেন না বা তাঁর উৎপাদিত পণ্য বাজারজাতকরণের কোনরূপ সুযোগ সুবিধাই ছিলনা, কোর-দি জুট ওয়ার্কস এর দলভূক্ত হয়ে তাঁরা পেয়েছেন তাঁদের পণ্যের যথাযথ মূল্য এবং তাঁদের শিল্পী সত্ত্বারও যথাযথ মূল্যায়ন হয়েছে। বর্তমানে তাঁদের সন্তানেরা পুষ্টিকর খাবার পাচ্ছে, কলেজ বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করছে, প্রতিটি পরিবার হয়েছে স্বাস্থ্য সচেতন। প্রশিক্ষণ ও উপার্জনের মাধ্যমে পরিবারে ও সমাজে তাঁরা সম্মানজনক স্থান করে নিতে পেরেছেন, ফলে মানুষ হিসেবে তাঁদের প্রতি ন্যায্যতা প্রতিষ্ঠিত হয়েছে বলে আমরা ধরে নিতে পারি। একজন স্বাবলম্বী নারী হিসেবে হস্তশিল্প উৎপাদনকারিণীর জীবনে এখন কোন দয়া দাক্ষিণ্যের প্রয়োজন নাই। তাই আমরা নির্দ্বিধায় বলতে পারি "Not Aid but Fair Trade".

**বার্থা গীতি বাড়ৈ**
পরিচালক, কোর-দি জুট ওয়ার্কস
কারিতাসের একটি ট্রাস্ট ও ন্যায্য বাণিজ্যের একটি মার্কেটিং সংস্থা।